

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ১৯/০৮/২০২১ খ্রি।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ইডেন মহিলা কলেজে ২০১৯-২০২০

### শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্বে ভর্তি সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীদের মাস্টার্স শেষ বর্ষে (২০১৯-২০২০ শিক্ষাবর্ষ) অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। আগামী ২৫/০৮/২০২১ খ্রি. তারিখ হতে [www.edencollege.eshiksabd.com](http://www.edencollege.eshiksabd.com) ওয়েবসাইটে প্রবেশ করে ফরম পূরণ করা যাবে।

যে সকল কোর্সে ইডেন মহিলা কলেজে ভর্তি হওয়া যাবে:

এমএ: বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, দর্শন,

এমবিএ: হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, মার্কেটিং,

এমএসএস: অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, সমাজবিজ্ঞান,

এমএসসি: গণিত, রসায়ন, পদার্থবিজ্ঞান, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, ভূগোল ও পরিবেশ

#### ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ মাস্টার্স শেষ পর্বে ভর্তি ফি

বিষয়ের নাম	আইসিটি ব্যতীত ফি	আইসিটিসহ ফি (আইসিটি ফি ২৯০০/-)
বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, সমাজবিজ্ঞান, সমাজকর্ম,	৩,৮৮৫.০০	৬,৭৮৫.০০
ইতিহাস, ইসলামী শিক্ষা, অর্থনীতি, মার্কেটিং, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা	৩,৮৩৫.০০	৬,৭৩৫.০০
রাষ্ট্রবিজ্ঞান	৩,৯৩৫.০০	৬,৮৩৫.০০
ফিন্যান্স এন্ড ব্যাংকিং	৩,৯৮৫.০০	৬,৮৮৫.০০
পদার্থবিজ্ঞান, মনোবিজ্ঞান	৩,৯৮৫.০০	৬,৮৮৫.০০
রসায়ন, উদ্ভিদবিজ্ঞান	৪,০৩৫.০০	৬,৯৩৫.০০
প্রাণিবিজ্ঞান, ভূগোল ও পরিবেশ, গার্হস্থ্য অর্থনীতি, গণিত, পরিসংখ্যান	৪,০৮৫.০০	৬,৯৮৫.০০

সেমিনার ফি অন্তর্ভুক্ত রয়েছে বিধায় বিভাগ সেমিনার ফি আদায় করবে না। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর স্ব স্ব বিভাগের ব্যাংক হিসাবে সেমিনার ফি জমা হবে।

\* থিসিস ফি, টার্ম পেপার ফি ও মাঠকর্ম ফি বিভাগ আদায় করবে।


২। আইসিটি কোর্স গ্রহণ:

আইসিটি কোর্স মাস্টার্স শেষ পর্বের একটি নন-ক্রেডিট কোর্স। এই কোর্সের প্রাপ্ত নম্বর মাস্টার্সের মূল ফলাফলকে প্রভাবিত করবে না। এটি এক বছরের ডিপ্লোমা কোর্সের সমতুল্য। ঢাকা বিশ্ববিদ্যালয় এর জন্য পৃথক সার্টিফিকেট ইস্যু করবে। তথ্য প্রযুক্তির এ যুগে আইসিটি সনদ খুবই গুরুত্বপূর্ণ বিধায় আইসিটি কোর্স গ্রহণে সকলকে উৎসাহ প্রদান করা হচ্ছে।

৩। ভর্তির যোগ্যতা: ২০১৯ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় চূড়ান্ত উত্তীর্ণ ছাত্রী ভর্তি হতে পারবে। ইডেন মহিলা কলেজ ব্যতীত ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত কলেজের অন্য ছয় কলেজের শুধুমাত্র ছাত্রীরা তার কলেজে অনার্স বিষয়ে মাস্টার্স কোর্স নেই মর্মে অধ্যক্ষের স্বাক্ষরিত প্রত্যয়নপত্র ও মার্কশীট এ কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার পর ভর্তির ফরম পূরণ করতে পারবে।

৪। শিক্ষার্থীর করণীয়: উপরোল্লিখিত ওয়েব সাইটে প্রবেশ করে 'edenstudent' ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করতে হবে। ওয়েবসাইটটি ওপেন হওয়ার পর Admission ট্যাব ক্লিক করে ভর্তি ফরম পূরণ করতে হবে। ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী তথ্যাদি পূরণ করে 'বিকাশ বা রকেট' মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা পরিশোধ করতে হবে। ভর্তি ফরমটি প্রিন্ট করে মার্কসীটসহ (অনলাইন কপি) কলেজের সংশ্লিষ্ট বিভাগে পরবর্তী দুই দিনের মধ্যে জমা দিতে হবে। ভর্তি ফরম বিভাগে জমা না দিলে তার ভর্তি নিশ্চিত হবে না।

বিঃদ্রঃ ভর্তি ফরম পূরণে কোন সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

  
(প্রফেসর সুপ্রিয়া উদ্দাচার্য) 19.08.2021

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। প্রধান সহকারি, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৩। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৫। সংরক্ষণ নথি।

